

💵 সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ৩২৫৫

৫০/ কুরআন তাফসীর (ﷺ) পরিচ্ছেদঃ সূরা আদ্-দুখান

بَابُّ: وَمِنْ سُورَةِ الدُّخَان

আরবী

حَدَّتَنَا الْحُسَيْنُ بْنُ حُرَيْتْ، حَدَّتَنَا وَكِيعٌ، عَنْ مُوسَى بْنِ عُبَيْدَةَ، عَنْ يَزِيدَ بْنِ أَبَانَ، عَنْ أَنْسِ بْنِ مَالِك، قَالَ قَالَ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم " مَا مِنْ مُؤْمِن إِلاَّ وَلَهُ بَابَانِ بَابُ مَنْهُ عَمَلُهُ وَبَابٌ يَنْزِلُ مِنْهُ رِزْقُهُ فَإِذَا مَاتَ بَكَيَا عَلَيْهِ فَذَلِكَ قَوْلُهُ عَزَّ وَجَلَّ (بَابُ يَصِعْدُ مِنْهُ عَمَلُهُ وَبَابٌ يَنْزِلُ مِنْهُ رِزْقُهُ فَإِذَا مَاتَ بَكَيَا عَلَيْهِ فَذَلِكَ قَوْلُهُ عَزَّ وَجَلَّ (فَمَا بَكَتْ عَلَيْهِمُ السَّمَاءُ وَالأَرْضُ وَمَا كَانُوا مُنْظَرِينَ) . قَالَ أَبُو عِيسَى هَذَا حَدِيثُ غَرِيبٌ لاَ نَعْرِفُهُ مَرْفُوعًا إِلاَّ مِنْ هَذَا الْوَجْهِ . وَمُوسَى بْنُ عُبَيْدَةَ وَيَزِيدُ بْنُ أَبَانَ الرَّقَاشِيُّ يُضَعَقَانِ فِي الْحَدِيثِ .

বাংলা

৩২৫৫. হুসায়ন ইবন হুরায়ছ (রহঃ) আনাস ইবন মালিক রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ্ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ প্রত্যেক মু'মিনের জন্যই (আকাশ) দু'টি দরজা রয়েছে। একটি দরজা দিয়ে তার আমল উত্থিত হয় আরেকটি দরজা দিয়ে তার রিযক অবতীর্ণ হয়। এই মু'মিন যখন মারা যায় তখন দটো দরজা তার জন্য কাঁদে। আল্লাহর কালামে এদিকেই ইঙ্গিত করা হয়েছেঃ

فَمَا بَكَتْ عَلَيْهِمُ السَّمَاءُ وَالأَرْضُ وَمَا كَانُوا مُنْظَرِينَ

আকাশ ও পৃথিবী কেউই এদের জন্য (ফিরআওন গোষ্ঠির জন্য) কাঁদেনি এবং এদের অবকাশও দেওয়া হয় নি (দুখান ৪৪ঃ ২৯)।

যঈফ, যঈফা ৪৪৯১, তিরমিজী হাদিস নম্বরঃ ৩২৫৫ [আল মাদানী প্রকাশনী]

এই হাদীসটি গারীব। এই সূত্র ছাড়া এটি মারফুরূপে আছে বলে আমরা জানি না। মূসা ইবন উবায়দা এবং ইয়াযীদ ইবন আবান রাকাশী হাদীস বর্ণনার ক্ষেত্রে যঈফ।



English

Narrated Anas bin Malik:

that the Messenger of Allah (ﷺ) said: "There is no believer except that he has two doors: A door through which his deeds ascend, and a door through which his sustenance descends. So when he dies they weep for him. That is the meaning of the saying of Allah, the Mighty and Sublime: And the heavens and the earth wept not for them, nor were they given respite (44:29)."

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ আনাস ইবনু মালিক (রাঃ)

